

“মুজিব বর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা
কর্মসংস্থান শাখা
www.bmet.gov.bd

নম্বর : ৪৯.০১.০০০০.০২০.৩১.১৪৬.২০.৮৬৭০

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭
০৭ অক্টোবর ২০২০

বিষয় : কোভিড-১৯ মহামারির কারণে বিদেশ ফেরত ক্ষতিগ্রস্ত কর্মীদের অনলাইন নিবন্ধন, পুনর্বাসন ঋণ সহায়তা, আরপিএল প্রদান ও বিদেশে প্রত্যাবর্তনে সহযোগিতা প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বৈশ্বিক করোনা (কোভিড-১৯) মহামারির কারণে বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত কর্মীগণ কর্মহীন হয়ে দেশে ফেরত এসেছেন; কেউবা কোভিড-১৯ মহামারি শুরু হওয়ার আগে ছুটিতে দেশে ফেরত এসে যথাসময়ে কর্মস্থলে যেতে পারেননি বা ভিসার মেয়াদ শেষ পর্যায়ে উপনীত হওয়ায় দ্রুত কর্মস্থলে যোগদান করা দরকার। এ জন্য বিমান টিকিট প্রাপ্তির অপ্রতুলতা, আকামার মেয়াদ উত্তীর্ণ হওয়ায় কফিলের সাথে যোগাযোগ ইত্যাদি নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন।

২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে আন্তঃমন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে বিদেশ প্রত্যাগমনেচ্ছু কর্মীদেরও ভিসা/ইশামার মেয়াদ বৃদ্ধি এবং ফ্লাইটের সংখ্যা বাড়ানো বিষয়ে বিভিন্ন উদ্যোগ গণহণ করা হয়েছে। কার্যকর কূটনৈতিক প্রচেষ্টাসহ বিদেশ ফেরত ও আটকেপড়া কর্মীদেরও সহযোগিতা প্রদানের লক্ষ্যে বিদেশ প্রত্যাবর্তনে ইচ্ছুক এ ধরনের সকল কর্মীকে বিনা খরচে বিএমইটির ওয়েবসাইটের লিংকে (www.old.bmet.gov.bd/BMET/returnMigrant) অনলাইন রেজিস্ট্রেশন করার উদ্যোগ নেয়া হয়েছে।

৩। বিদেশ ফেরত কর্মীদের আর্থসামাজিক পুনর্বাসনের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংক হতে স্বল্প সুদে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান কিংবা প্রশিক্ষণ নিয়ে পুনরায় দেশে বিদেশে কর্মসংস্থানে আগ্রহীদের বিএমইটির আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে উদ্যোক্তা প্রশিক্ষণ এবং পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে শিক্ষা সার্টিফিকেট(RPL) প্রদানের ব্যবস্থা গণহণ করা হয়েছে।

৪। এয়াড়াও বিদেশ ফেরত এ সকল কর্মীদেরও মানসিক ও নৈতিক সমর্থনসহ তাতেও কর্মসংস্থান, ভিসার মেয়াদ বৃদ্ধি, বিমানের টিকেট প্রাপ্তিসহ অন্যান্য সমস্যা সমাধানকল্পে তাতেও পাশে দাঁড়িয়ে প্রয়োজনীয় সহযোগিতার নিমিত্ত সংশ্লিষ্ট রিজুটিং এজেন্টগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৫। এমতাবস্থায়, টিটিসি/আইএমটি/ডিইএমও অফিসে যোগাযোগকারী প্রত্যাগত অভিবাসী কর্মীদের অনলাইন রেজিস্ট্রেশনসহ সেবা প্রত্যাশীদের বর্ণিত বিষয়ে তাৎক্ষণিকভাবে সার্বিক সহযোগিতা প্রদানে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ শামছুল আলম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪৯৩৪৯৯২৫

Email: dg@bmet.gov.bd

অধ্যক্ষ/সহকারী পরিচালক
আইএমটি/টিটিসি/ডিইএমও (সকল)

অনুলিপি:

১. মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ/ কর্মসংস্থান/ বহির্গমন), বিএমইটি, কাকরাইল, ঢাকা।
৪. উপপরিচালক (অর্থ ও আইটি), বিএমইটি, কাকরাইল, ঢাকা (বিএমইটির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।